সংবাদ,

তারিখ ৮/১২/৮১
পৃষ্ঠা ... কলাম ...

074

# জেলা ও বিভাগীয় কর্মকর্তাদের প্রতি নির্দেশ

বাসস জানায়, প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার দেশব্যাপী খালখনন কর্মসূচীর সফল বাস্তবায়নের মাধ্যমে জনগণের সর্বোত্তম ও কার্যকর কল্যাণ নিশ্চিত করার জন্য বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের প্রতি নির্দেশ দিয়াছেন। প্রেসিডেন্ট গতকাল (সোমবার) বঙ্গভবনে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের এক সভায় সভাপতির ভাষণে এই নির্দেশ দেন।

প্রেসিডেন্ট কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য সেচের সুযোগ-সুবিধার উদ্দেশ্যে খননকৃত খালে পর্যাপ্ত পানি ধারণের ব্যবস্থা করা,

( ৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কর্মকর্তাদের প্রতি নির্দেশ

( ১ম পৃঃ পর )

খরার দরুন চলতি মৌসুমে আমন ফসলের যে ক্ষতি হইয়াছে উহা কাটাইয়া উঠার পদক্ষেপ গ্রহণ, রাজস্ব আদায়ে সর্বাত্মক প্রচেষ্টা চালানো এবং সমাজ হইতে দুর্নীতি উচ্ছেদে পদক্ষেপ গ্রহণের জন্যও তাহাদের প্রতি আহ্বান জানান।